# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**02-05-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর –

১) দক্ষিণ ২৪ পরগনার দুটি বিধানসভা কেন্দ্রের ১৫টি বুথে আজ পুনর্নির্বাচনে ভোটগ্রহণ ছিল মোটের ওপর শান্তিপূর্ণ। বিকেল ৫-টা পর্যন্ত গড়ে ভোট পড়েছে ৮৬ দশমিক ৯/০ শতাংশ।

২) বিধানসভা নির্বাচনে গণনা প্রক্রিয়াকে সুষ্ঠু ও স্বচ্ছ রাখতে নির্বাচন কমিশন ১৬৫ জন অতিরিক্ত কাউন্টিং অবজার্ভার এবং ৭৭ জন পুলিশ অবজার্ভার নিয়োগ করেছে।

৩) ভোটগণনার জন্য শুধুমাত্র কেন্দ্রীয় সরকারি কর্মীদের নিয়োগের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেসের দায়ের করা মামলায় হাইকোর্টের রায়ে হস্তক্ষেপ করলো না সুপ্রীম কোর্ট।

৪) কিংবদন্তী চলচিত্রকার সত্যজিৎ রায়ের আজ ১০৫-তম জন্মবার্ষিকী।

৫) রাজ্যের বেশিরভাগ জেলাতেই আগামীকাল বৃষ্টির পরিমাণ বাড়বে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর।

ooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার দুটি বিধানসভা কেন্দ্রের ১৫টি বুথে আজ পুনর্নির্বাচনে ভোটগ্রহণ ছিল মোটের ওপর শান্তিপূর্ণ। বিকেল ৫-টা পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী গড়ে ভোট পড়েছে ৮৬ দশমিক ৯/০ শতাংশ। মগরাহাট পশ্চিমের ১১ টি বুথে ভোট পড়েছে ৮৬ দশমিক ১/১ শতাংশ এবং ডায়মন্ড হারবারে ৪টি বুথে ভোটের হার ৮৭ দশমিক ৬/০ শতাংশ।

আমাদের প্রতিনিধি অভিজিৎ চক্রবর্তীর একটি প্রতিবেদন।

(ভিসি অভিজিৎ)

অন্যদিকে, ১৪৪ ফলতা বিধানসভা কেন্দ্রের বিভিন্ন বুথে যে অভিযোগ জমা পড়ে তার ভিত্তিতে এখনও পর্যন্ত পুনর্নির্বাচনের কোনও সিদ্ধান্ত জানায়নি নির্বাচন কমিশন।

০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা নির্বাচনের গণনা প্রক্রিয়াকে সুষ্ঠু ও স্বচ্ছ রাখতে নির্বাচন কমিশন অতিরিক্ত গণনা পর্যবেক্ষক ও পুলিশ পর্যবেক্ষক মোতায়েনের সিদ্ধান্ত নিয়েছে। এজন্য ১৬৫ জন অতিরিক্ত কাউন্টিং অবজারভার এবং ৭৭ জন পুলিশ অবজার্ভার নিয়োগ করা হয়েছে বলে কমিশন সূত্রে জানা গেছে। যেসব বিধানসভা কেন্দ্রে একাধিক গণনা হল রয়েছে, সেখানে কাউন্টিং অবজারভারদের সহায়তা করতে, এই অতিরিক্ত পর্যবেক্ষকদের রাখা হয়েছে। একই সঙ্গে গণনা কেন্দ্রের নিরাপত্তা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যবেক্ষণের দায়িত্বে থাকবেন পুলিশ অবজার্ভাররা।

০০০০০০০০০০০০০০০০০০

ভোট পরবর্তী হিংসার অভিযোগের প্রেক্ষিতে নির্বাচন কমিশন ফলতার তৃণমূল কংগ্রেস প্রার্থী জাহাঙ্গির খানের ঘনিষ্ঠ দুই নেতার বিরুদ্ধে অবিলম্বে FIR দায়ের এর নির্দেশ দিয়েছে। নির্দেশ মানতে গড়িমসি করলে সংশ্লিষ্ট থানার ওসির বিরুদ্ধেও কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে।

ফলতা বিধানসভা কেন্দ্রে দ্বিতীয় দফার ভোটের দিন থেকেই কারচুপির অভিযোগ তুলে সরব ছিল বিরোধীরা। এদিন সকাল থেকে নতুন করে উত্তেজনা ছড়ায় হাশিমনগর ও সংলগ্ন এলাকায়। অভিযোগ, বিজেপি সমর্থক বলে পরিচিত কয়েকটি পরিবারের উপরেও চড়াও হয় তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা। মারধোরের পাশাপাশি তাঁদের গ্রামছাড়া করারও হুমকি দেওয়া হয়। এই ঘটনায় নাম উঠে আসে জাহাঙ্গির-ঘনিষ্ঠ দুই নেতা ইস্রাফুল চোকদার এবং সুজাদ্দিন শেখের। এই দুজন ছাড়াও তাঁদের সহযোগীদের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করতে বলা হয়েছে।

উল্লেখ্য, ফলতার হাসিমনগরে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে হুমকির অভিযোগ তুলে আজ ফের বিক্ষোভ দেখান গ্রামবাসীরা।

এদিকে, ফলতা বিধানসভার একাধিক বুথে পুনঃনির্বাচনের সিদ্ধান্ত কমিশনের বিচারাধীন রয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন।

( বাইট – আগরওয়াল)

oooooooooooooooooooo

বিধানসভা নির্বাচনের ভোট গননার আগে তৃনমূল কংগ্রেস আজ ২৯৪টি কেন্দ্রের কাউন্টিং এজেন্টদের সঙ্গে বৈঠক করেছে। দলের প্রধান মমতা ব্যানার্জি ও সাধারন সম্পাদক অভিষেক ব্যানার্জির নেতৃত্বেম আজ এই ভার্চূয়াল বৈঠক হয়। কোনো কেন্দ্রে জয়ের ব্যবধান কম হলে পুনর্গননার দাবি তুলতে হবে বলে এজেন্টদের নির্দেশ দেওয়া হয়েছে। বৈঠকে দলের প্রতিটি সাংগঠনিক জেলায় গননা পর্যবেক্ষক নিয়োগ করা হয়েছে।

oooooooooooooooooooo

বিধানসভা নির্বাচনে ভোট গণনার প্রস্তুতি নিয়ে আজ আসানসোলে পর্যালোচনা বৈঠক করেছে বিজেপি। পুরুলিয়া বিভাগের চারটি সাংগঠনিক জেলার প্রার্থীদের নিয়ে এই বৈঠকে সভাপতিত্ব করেন কেন্দ্রীয় পর্যবেক্ষক সুনীল বনসল, ভূপেন্দ্র যাদব। উপস্থিত ছিলেন রাজ্য নেতৃত্বও।

০০০০০০০০০০০০০০০০০০

আগামী **চৌঠা মে** সোমবার, বিধানসভা নির্বাচনের ভোটগণনার দিন আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ **সকাল ১০টা থেকে বিকেল চারটে** পর্যন্ত গীতাঞ্জলি প্রচার তরঙ্গে বিশেষ নির্বাচনী অনুষ্ঠান "জনমত ২০২৬" সম্প্রচার করবে। এর দ্বিতীয় পর্ব শোনা যাবে **রাত আটটা পাঁচ থেকে ন'টা** পর্যন্ত।

নির্বাচনী সংবাদের পাশাপাশি এতে থাকবে ভোটগণনার গতিপ্রকৃতি, ফলাফল বিশ্লেষণ ও রাজনৈতিক ব্যক্তিত্বদের মতামত।

আকাশবাণী শিলিগুড়ি, শান্তিনিকেতন ও মুর্শিদাবাদ কেন্দ্র দুটি পর্বই রিলে করবে। এছাড়া DTH পরিষেবা, ফেসবুক পেজ আকাশবাণী সংবাদ কলকাতা এবং ইউ টিউব চ্যানেল RNU-কলকাতা সোশ্যাল মিডিয়াতেও "জনমত ২০২৬ "শোনা যাবে।

০০০০০০০০০০০০০০০০০০

ভোটগণনা কেন্দ্রে কাউন্টিং সুপারভাইজার হিসেবে শুধুমাত্র কেন্দ্রীয় সরকারি কর্মীদের নিয়োগের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেসের দায়ের করা মামলায় কমিশনের নির্দেশিকাকেই মান্যতা দিল সুপ্রীম কোর্ট। এর আগে কলকাতা হাইকোর্টেও মামলাটি খারিজ হয়ে গিয়েছিল। তার বিরুদ্ধে গতরাতে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়ে তৃণমূল কংগ্রেস জরুরী ভিত্তিতে শুনানির আবেদন জানায়। আজ শীর্ষ আদালতের ছুটি থাকলেও এই মামলার জন্যই বিশেষ বেঞ্চ গঠন করা হয়েছিল।

শুনানিতে দুই বিচারপতি পি এস নরসিনহা ও জয়মাল্য বাগচির বেঞ্চ জানিয়েছে, নির্বাচন কমিশনের জারি করা নির্দেশ যথাযথভাবে পালন করতে হবে। বিচারপতি জয়মাল্য বাগচি বলেন, কাউন্টিং এজেন্ট হিসাবে কাদের নিযুক্ত করা হবে, তা সম্পূর্ণভাবে নির্বাচন কমিশনের সিদ্ধান্ত। প্রতিটি টেবিলে কাউন্টিং এজেন্টের পাশাপাশি কাউন্টিং সুপারভাইজার ও একজন মাইক্রো অবজার্ভার থাকার কথা। তার

মধ্যে কেন্দ্র বা রাজ্য যেকোনো সরকারের কর্মীই থাকতে পারেন। সুতরাং গণনা কর্মী নিয়োগ নিয়ে আপাতত কোনো অতিরিক্ত নির্দেশের প্রয়োজন নেই। কমিশনের সিদ্ধান্তে হস্তক্ষেপ করতেও অস্বীকার করেছে সর্বোচ্চ আদালত।

বিজেপির আইটি সেলের জাতীয় আহ্বায়ক অমিত মালব্য সমাজ মাধ্যমে একটি বার্তায় বলেন, সুপ্রিম কোর্টের এই সিদ্ধান্তের পর কার্যত আইনি লড়াইয়ে পরাজয় হল তৃণমূল কংগ্রেসের। এর থেকে ফের প্রমাণিত, নির্বাচনী প্রক্রিয়ায় নির্বাচন কমিশনের নিয়মের উপর কোনও রকম হস্তক্ষেপ করবে না আদালত।

oooooooooooooooooo

কিংবদন্তী চলচ্চিত্রকার সত্যজিত্ রায়ের আজ ১০৫ তম জন্মবার্ষিকী। এই উপলক্ষ্যে শহরের বিভিন্ন জায়গায় আয়োজন করা হয়েছে বিভিন্ন অনুষ্ঠান। একটি প্রতিবেদন

(ভয়েসকাস্ট- কাশফিন)

oooooooooooooooooo

রাজ্যের বেশিরভাগ জেলাতেই আগামী ২ দিন ঝড়-বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর। আগামীকাল থেকে বৃষ্টির পরিমাণ কিছুটা বাড়বে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। গত ২৪ ঘণ্টায় আলিপুরে ৮ মিলিমিটার বৃষ্টি হয়েছে। উত্তরবঙ্গেও ভারী বৃষ্টির পূর্বাভাষ রয়েছে।

এদিকে, টানা ঝড়-বৃষ্টিতে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বোরো ধানের ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা করছেন কৃষকরা।

ooooooooooooooooooo

টানা বৃষ্টিতে ঝাড়গ্রামের বিনপুর ২ নম্বর ব্লকে শিলদা গ্রাম পঞ্চায়েতের শুকজোড়া গ্রামে দেয়াল চাপা পড়ে এক কলেজ ছাত্রীর মৃত্যু হয়েছে। গতরাতে ঘুমন্ত

অবস্থায় নরম হয়ে যাওয়া মাটির দেওয়াল ভেঙে পড়ে। গুরুতর জখম অবস্থায় তাদের হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা পিঙ্কি দাস নামে ওই ছাত্রীটিকে মৃত বলে ঘোষণা করেন। আহতদের চিকিৎসা চলছে।

পূর্ব বর্ধমানের মঙ্গলকোটে আজ দুপুরে বজ্রাঘাতে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। বিকাশ মাঝি নামে ওই ব্যক্তি বৃষ্টির সময় চাষের জমি থেকে বাড়ি ফিরছিলেন।

oooooooooooooooooooo

স্বামী বিবেকানন্দ অনূর্ধ্ব ২০, পুরুষদের জাতীয় ফুটবলে গ্রুপ লিগ ম্যাচে, বাংলা ২-১ গোলে কর্ণাটক কে হারিয়ে দিয়েছে। ছত্তিশগড় এর নারায়ণপুরের রামকৃষ্ণ মিশন আশ্রম মাঠে আজ বাংলার পক্ষে তনবীর দে ও প্রভাত প্রধান গোল করেছেন। বুধবার বাংলা পরবর্তী ম্যাচে ওড়িশার বিরুদ্ধে খেলবে।

oooooooooooooooooooo